# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

**ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ**

নং-প্রকা/আরএমডি-৩০/মনিটরিং/২০১৬-২০১৭/৮১৭(১২৫০) তারিখ ঃ ১৫-১১-২০১৬

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ অঞ্চলাধীন শাখাসমূহের স্ব-নির্ধারণ (Self Assessment ) সংক্রান্ত ষান্মাসিক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-প্রকা/আরএমডি-৩০/মনিটরিং/২০১৫-২০১৬/১২৮৩(১২৫০) তারিখ ঃ ০৭-০৬-২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে মাস্টার সার্কুলার ১০ এর ৮.১ অনুচ্ছেদে উল্লেখিত Self Assessment এর জন্য নির্ধারিত চেক লিষ্ট (পরিচ্ছেদ-ঙ) মোতাবেক ষান্মাসিক ভিত্তিতে অঞ্চলাধীন সকল শাখা হতে স্বনির্ধারণী পদ্ধতিতে Self Assessment প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৩ এর পরিচ্ছেদ নং-১২.০০ অনুযায়ী প্রত্যেকটি শাখা প্রতিটি ত্রৈমাসকাল শেষ হওয়ার পরের মাসের ২০ তারিখের মধ্যে শাখা মূল্যায়ন (Self Assessment) প্রতিবেদনের এক কপি সরাসরি সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে এবং এক কপি সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কেন্দ্রীয় পরিপালন ইউনিট (CCU) এ প্রেরণ করার নির্দেশনা ছিল। বর্তমানে মাস্টার সার্কুলার ১০ এর১.৩(৪) অনুচ্ছেদ মোতাবেক উক্ত প্রতিবেদন ষান্মাসিক ভিত্তিতে প্রেরণ করতে হবে।

০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে প্রেরিত ০৭-০৩-২০১৬ তারিখের পত্র নং- প্রকা/আরএমডি-৩০/অংশ-৬(২)/২০১৫-২০১৬/ ৭১১(১২৫০)এর ৮নং অনুচ্ছেদে AML/CFT সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে প্রতিটি শাখাকে নিজেদের অবস্থান নির্ণয় (Self Assessment) করতে হবে মর্মে নির্দেশনা আছে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহকে নিজ দায়িত্বে অঞ্চলাধীন সকল শাখা হতে মাস্টার সার্কুলার ১০ এর ৮.১ অনুচ্ছেদে উল্লেখিত Self Assessment এর জন্য নির্ধারিত চেক লিষ্ট (পরিচ্ছেদ-ঙ) মোতাবেক ষান্মাসিক ভিত্তিতে অঞ্চলাধীন সকল শাখা হতে স্বনির্ধারণী পদ্ধতিতে Self Assessment প্রতিবেদন সংগ্রহ করে তা একটি অগ্রপত্রের মাধ্যমে ষান্মাসিক শেষের পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের নির্দেশ দেয়া হয়েছিল। উল্লেখ্য, কেন্দ্রীয় পরিপালন ইউনিট (CCU) কর্তৃক শাখা ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে মন্তব্য ও সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়।

০৪। দেখা যায় কোন কোন অঞ্চল থেকে ৩০-০৬-২০১৬ তারিখ ভিত্তিক স্ব-নির্ধারণ (Self Assessment ) সংক্রান্ত ষান্মাসিক প্রতিবেদন CCU/ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়নি। CCU এর ত্রৈমাসিক সভায় বিষয়টি আলোচনা হয়েছে। এখন থেকে যে সমস্ত অঞ্চল হতে যথাসময়ে উক্ত প্রতিবেদন পাওয়া যাবে না তাদেরকে তার কারণ ব্যাখ্যা চেয়ে উর্ধতন কর্তৃপক্ষের গোচরীভূত করা হবে।

০৫। এমতাবস্থায়, এখন থেকে বিএফআইইউ কর্তৃক জারীকৃত মাস্টার সার্কুলার নং-১০ এর নির্দেশনা মোতাবেক প্রতিটি ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট 'ঙ') অনুযায়ী শাখা/ কার্যালয়সমূহকে ষান্মাসিক ভিত্তিতে স্ব-নির্ধারণ (Self Assessment ) সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করতঃ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখসমূহকে উক্ত প্রতিবেদন সরাসারি CCUতে (ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ) প্রেরন করার জন্য পুনরায় নির্দেশ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

(স্বাক্ষর) ১৫/১১/১৬

(ড. মোঃ শাহজাহান)
মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

নং-প্রকা/আএমডি-৩০/মনিটরিং/২০১৬-২০১৭/ ৮১৭(১২৫০) তারিখ ঃ ১৫-১১-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

আপনার বিশ্বস্ত,

(স্বাক্ষর) ১৫/১১/১৬

( রওনক সাদ ফেরদৌসী )
উপ- মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

Amzad/Self Assesment From/-M-3